ভোক্তা-অধিকার ক্ষুণ্ন হলে
অধিদপ্তরে প্রতিকার মেলে॥

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন -৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

লঙ্ঘিত হলে ভোক্তা-অধিকার
অভিযোগ করলেই পাবেন প্রতিকার॥

নং-২৬.০৪.০০০০.১০৮.১১.০৩৩.১৯-৭৫

তারিখ : ২৭/০১/২০২০
১৩ মাঘ ১৪২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জা: বে: স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | হিসাবরক্ষক (১৩-গ্রেড) টা: ১১০০০-২৬৫৯০/- | ১ (এক) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, ঝিনাইদহ, বাগেরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ |
| ২. | ব্যক্তিগত সহকারী (গ্রেড-১৪) টা: ১০২০০-২৪৬৮০/- | ১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৩. | গবেষণাগার সহকারী (গ্রেড-১৫) টা: ৯৭০০-২৩৪৯০/- | ২ (দুই) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে । | |
| ৪. | ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৬) টা: ৯৩০০-২২৪৯০/- | ১ (এক) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-৩ এ উল্লেখিত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৫. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) টা: ৯৩০০- ২২৪৯০/- | ১০ (দশ) | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির বিষয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ এবং ইংরেজী ২০ শব্দ। | |
| ৬. | গাড়ি চালক (গ্রেড-১৬) টা: ৯৩০০-২২৪৯০/- | ৩ (তিন) | অষ্টম শ্রেণী পাশ। হালকা এবং ভারী গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br><br>তবে কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | **(তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ সকল জেলা থেকে সকল পদে আবেদন করতে পারবেন)।** |

২. নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. সকল পদে **০১ জানুয়ারি ২০২০ খ্রিঃ** তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর। তবে মুক্তিযোদ্ধার নাতি-নাতনীদের বয়স ৩০ বৎসর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

খ. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ. প্রার্থী নির্বাচনে প্রচলিত জেলা কোটা ও অন্যান্য কোটাসহ সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।

ঙ. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত application form সহ সকল সনদের সত্যায়িত ১ সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং আবেদনকারীর মুক্তিযোদ্ধার নাতি-নাতনি হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধার/শহিদ মুক্তিযোদ্ধার নাতি-নাতনি এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

চ. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভূয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ছ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি স্থগিত/বাতিল/প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করে।

জ. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ প্রদান করা হবে না।

ঝ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http ://dncrp.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবদেন এর সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: **০২/০২/২০২০ সকাল-১০.০০ ঘটিকা।**

ii) Online-এ আবেদন পত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষের তারিখ: **০৩/০৩/২০২০ বিকাল-৫.০০ ঘটিকা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online এ প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদন প্রত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ

Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য আবেদন প্রতি ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা আবেদনপত্র Submit এর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: DNCRP<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **DNCRP ABCDEF**

Reply: Applicant's Name, Taka112 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx.
To pay fee Type DNCRP<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: DNCRP<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে
Example : **DNCRP YES 12345678**

Reply : Congratulations Applicant's Name, payment completed Successfully for DNCRP Application for xxxxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxxx)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dncrp.teletalk.com.bd অথবা DNCRP ওয়েবসাইট www.dncrp.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS- এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, এবং Password পুনরুদ্ধার করতে পারবেনঃ

(i) User ID জানা থাকলে: DNCRP<Space>HELP<Space>USER<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: **DNCRP HELP USER ABCDEF**

(ii) PIN জানা থাকলে: DNCRP<Space>HELP<Space>PIN<Space>PIN No লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: **DNCRP HELP PIN 12345678**

ঝ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। অথবা dd-admin@dncrp.gov.bd ই-মেইলে যোগাযাগ করা যাবে।

(Mail এর subject এ Organization Name "DNCRP", Post Name: ***** , Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

শামীম আল মামুন
পরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর